

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২২ বৈশাখ ১৪২৬/০৫ মে ২০১৯

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩০.১৭.১৩২—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ২৮ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে 'Rite Crop Master' নামীয় Plant Growth Regulator (PGR) এর উৎপাদনকারী প্রতিষ্ঠান : Rite Organix, Abu Sayeed Market, Joydebpur Road, Holding-1065, Ward-16, Block-C, Chandana, Gazipur-1702 এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলীর আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হইল :

১. বিনির্দেশ

<u>Name of the Product</u>	: Rite Crop Master (শুধুমাত্র শসা (খরিপ) উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে)
<u>Physical Condition</u>	: Solution
<u>Colour</u>	: Blackish
<u>Solubility</u>	: Soluble in water
<u>pH</u>	: 6.5-7.0
<u>Active Ingredient</u>	: Humic Acid 4.0% Fulvic Acid 1.0%

(১৫৯১৫)

মূল্য : টাকা ৪.০০

২. শর্তাবলী :

- ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা)(সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তুর গায়ে লেবেল লাগাইতে হইবে।
- খ) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—
- সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে) ;
 - সারের বিদ্যমান আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার ;
 - সারের নীট ওজন ;
 - প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম ;
 - নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis) ;
 - উৎপাদনের তারিখ ; এবং
 - সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ তোফাজ্জল হোসেন
উপসচিব।